প্রথম আলো

# হতে চান সফল অভিনেতা

১৫ সেপ্টেম্বর ২০১৯, ১২:৪২

আপডেট : ১৫ সেপ্টেম্বর ২০১৯, ১২:৪৪



ফটোগ্রাফি থেকে নাটক, গান থেকে আবৃত্তি—যেকোনো আয়োজনেই আছেন ধর্ম চন্দ্র তঞ্চঙ্গ্যা। কারও কাছে তিনি ক্যাপ্টেন হুররা, কেউ বলেন মুর্দা ফকির। তবে ধর্মরাজ নামেই সবার কাছে পরিচিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নাট্যকলা বিভাগের চতুর্থ বর্ষের এই শিক্ষার্থী।

বেড়ে ওঠা রাঙামাটি জেলার রাজস্থলী উপজেলায়। ছোটবেলা থেকেই গানের পাগল ধর্মরাজ। ঢাকার নটর ডেম কলেজ থেকে উচ্চমাধ্যমিক পাস করে ভর্তি হন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে। এই সবুজ ক্যাম্পাসেই নিজেকে খুঁজে পান তিনি। এরই মধ্যে প্রায় ২৫টি নাটকে অভিনয় করেছেন। এসব নাটকের মধ্যে নাট্যকার জিয়া হায়দারের তাইরে-নাইরে না, মুনির চৌধুরীর কবর, সেলিম আল দীনের শকুন্তলা ও পুত্র নাটকে অভিনয়ে করে প্রশংসা পেয়েছেন।

তবে ক্যাম্পাসে সাড়া পড়ে নাট্য নির্দেশক শামীম হাসানের নাটক ক্যাপ্টেন হুররা নাটকের মূল চরিত্র ক্যাপ্টেন হুররায় অভিনয় করার পর। এই নাটক বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে প্রদর্শিত হয়েছে। এ ছাড়া চট্টগ্রাম শিল্পকলা একাডেমি ও বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রেও প্রদর্শিত হয়েছে। পাশাপাশি চার বছর ধরে তিনি চট্টগ্রামের নাট্যদল গনায়ন ও উদীচী শিল্পীগোষ্ঠীর সঙ্গে কাজ করছেন।

ধর্মরাজ অভিনয় করেছেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় নিয়ে তৈরি হওয়া পূর্ণাঙ্গ চলচ্চিত্র শাটল ট্রেনে। চলচ্চিত্রটিতে তিনি সংগীত আয়োজনের কাজও করেছেন। ছবি তুলতে ভালোবাসেন। দেশের বিভিন্ন প্রদর্শনীতে অংশগ্রহণের পাশাপাশি তিনি ২০১৭ সালে ‘ফাইন্ডিং বুড্ডিজম ভলিয়ম ১’ প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হন। দেশ-বিদেশে নিজেদের সংস্কৃতি ছড়িয়ে দেওয়ার স্বপ্ন দেখেন তিনি। ধর্মরাজ বলছিলেন,

াথম-নিভর ছাব তুলতেহ আমার বোশ ভালো লাগে ... ট ফটোগ্রাফ, ল্যান্ডস্কেপ, পোট্রেটও ভালো লাগে।

**সুজয় চৌধুরী**

© স্বত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০২০
সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
প্রগতি ইনস্যুরেন্স ভবন, ২০-২১ কারওয়ান বাজার , ঢাকা ১২১৫

ফোন : ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স : ৫৫০১২২০০, ৫৫০১২২১১ ইমেইল : info@prothomalo.com